

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

গোপনীয়

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩০১৪৩০৭৬/২০১৬-২০১৭/২২৯

তারিখঃ-২৫-০৭-২০১৮ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ শাহজাহান জোমাদার, সহকারী মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বরিশাল। ইতোপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, পাতারহাট শাখায় ব্যবস্থাপক(সমব্য) হিসেবে দায়িত্ব পালনকালে চলতি হিসাবে অতি উত্তোলন, হতদরিদ্রদের টাকা প্রদানে অনিয়ম, ভুয়া ঝণ মণ্ডুরী ও বিতরণ সংক্রান্ত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও প্রতারণামূলক অপরাধের জন্য বিভাগীয় মামলা নং-২৪/১৬-১৭ রঞ্জু পূর্বক ০৮-১১-২০১৬ ইং তারিখে প্রকাঃ এইচআরএমডিঃ ৩০১৪৩০৭৬/২০১৬-২০১৭/১৪০৫ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করেছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তাত্ত্বে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুমতিগ্রহণ বিষয়াদি পর্যালোচনা করে আপনি জনাব মোঃ শাহজাহান জোমাদার আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের এর জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত অথবা বিকল্প গুরুদণ্ড প্রদান করা হবে না এই মর্মে বিগত ২২-১০-২০১৭ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ ০৩০১৪ ৩০৭৬/২০১৬-২০১৭/১৩১৯ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনার বিরুদ্ধে চূড়ান্ত কারণ দর্শনো নোটিশ জারী করা হয়েছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ শাহজাহান জোমাদার প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ২২-১০-২০১৭ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শনো নোটিশের জবাব দাখিল করেছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতিমূলক ও প্রতারণামূলক অপরাধের জন্য আপনাকে দোষী সাবস্ত করতঃ আপনি জনাব মোঃ শাহজাহান জোমাদার আপনাকে গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ শাহজাহান জোমাদার আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা আপনার মাসিক বেতন হতে মূল বেতনের এক-ত্রৈয়াংশ হারে কর্তৃন করে বিকেবি, পাতারহাট শাখার আয় খাতে জমা করার আদেশ দেয়া হলো। যদি আপনার চাকুরীকালে উক্ত টাকা কর্তৃন শেষ না হয় তাহলে অবশিষ্ট অনাদায়ী টাকা আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হতে এককালীন কর্তৃন করে আয় খাতে জমা করার জন্যও আদেশ দেয়া হলো।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ শাহজাহান জোমাদার (এ-৩১১৪)

সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় নিরীক্ষা কার্যালয়

বরিশাল।

স্বাক্ষরিত

(মোঃ মোশাররফ হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩০১৪৩০৭৬/২০১৬-২০১৭/২২৯ (৪)

তারিখঃ-২৫-০৭-২০১৮ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
০৫। উপ মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ -২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বাহিতে লিপিবদ্ধ করে আদেশটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল।
০৬। উপ মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ -৪, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ মহাব্যবস্থাপক, কেন্দ্রিয় হিসাব বিভাগ -২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিটেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯। উপ মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বরিশাল। এতদসংগে প্রেরিত মূল ঘোষণাটি জনাব মোঃ শাহজাহান জোমাদার এর নিকট প্রাপ্তি স্থীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হল। রায় মোতাবেক জনাব মোঃ শাহজাহান জোমাদার এর মাসিক বেতন হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা মূল বেতনের এক ত্রৈয়াংশ হারে কর্তৃন করে বিকেবি, পাতারহাট শাখার আয় খাতে জমা করার এবং যদি তার চাকুরীকালে উক্ত কর্তৃন শেষ না হয় তাহলে অবশিষ্ট টাকা তার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হতে এককালীন কর্তৃন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। জনাব মোঃ শাহজাহান জোমাদার এর বদলীর প্রাকালে অবশিষ্ট আদায় যোগ্য (যদি থাকে) টাকার বিবরণ তার এলপিসি-তে উল্লেখ করার জন্যও অনুরোধ করা হলো।
১০। ব্যবস্থাপক, বিকেবি, পাতারহাট শাখা, বরিশাল।
১১। নথি /মূলনথি/ মহানথি।

২৫/০৭/১৮
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক

ଅବ୍ୟାକ୍ଷମ୍ୟ - ପିଲାନ୍ତର ପରିବାର

